রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৪, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**রাষ্ট্রপতির সচিবালয়**

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৭ই কার্তিক, ১৩৯৪/৪ঠা নভেম্বর, ১৯৮৭**

নং এস, আর, ও ২৬৮-আইন/৮৭—অস্থাবর সম্পত্তি হুকুমদখল অধ্যাদেশ, ১৯৮৭ (১৯৮৭ সালের ১৮ নং অধ্যাদেশ) এর ধারা ১০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন:—

(১) **সংক্ষিপ্ত শিরনামা।**—এই বিধিমালা অস্থাবর সম্পত্তি হুকুমদখল (ক্ষতিপূরণ) বিধিমালা, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

(২) **ক্ষতিপূরণ নির্ধারণ কমিটি:**—

(১) প্রতিটি জেলায় অস্থাবর সম্পত্তি হুকুমদখল ক্ষতিপূরণ নির্ধারণ কমিটি, অতঃপর কমিটি বলিয়া উল্লিখিত, নামে একটি কমিটি গঠিত হইবে।

(২) কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

(ক) ডেপুটি কমিশনার, যিনি কমিটির সভাপতিও হইবেন;

(খ) জেলার পুলিশ সুপারিনটেনডেন্ট;

(গ) জেলায় কর্মরত সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী;



মূল্য: ৩০ পয়সা

(৩) **ক্ষতিপূরণ নির্ধারণ পদ্ধতি।**—কোন অস্থাবর সম্পত্তি হুকুমদখল করা হইলে, তজ্জন্য কমিটি নিম্নরূপ অর্থ ক্ষতিপূরণ হিসাবে নির্ধারণ করিবে, যথাঃ—

(ক) যাত্রীবাহী জলযান বা স্থলযানের ক্ষেত্রে, উহা ভাড়া করা হইলে, উহার যাত্রীবহনের নির্ধারিত ক্ষমতার ভিত্তিতে যে ভাড়া প্রদেয় হইত সেই ভাড়ার সমপরিমাণ অর্থ;

(খ) মালবাহী জলযান বা স্থলযানের ক্ষেত্রে, উহা ভাড়া করা হইলে, উহার মালবহনের নির্ধারিত ক্ষমতার ভিত্তিতে যে ভাড়া প্রদেয় হইত সেই ভাড়ার সমপরিমাণ অর্থ;

(গ) অন্য কোন প্রকার জলযান বা স্থলযানের ক্ষেত্রে, উহা যাত্রীবাহী বা মালবাহী যান হইলে উহা ভাড়া করার জন্য যে ভাড়া প্রদেয় হইত সেই ভাড়ার সমপরিমাণ অর্থ;

(ঘ) জলযান বা স্থলযান ব্যতীত অন্য কোন প্রকার অস্থাবর সম্পত্তির ক্ষেত্রে, উহা ভাড়া দেওয়ার প্রচলন থাকিলে উহা ভাড়া করার জন্য যে ভাড়া প্রদেয় হইত সেই ভাড়ার সমপরিমাণ অর্থ;

(ঙ) অন্য কোন প্রকার অস্থাবর সম্পত্তির ক্ষেত্রে, কমিটি কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ।

(৪) **ক্ষতিপূরণ প্রদানের সময়ঃ—**

(১) বিধি ৩ এর অধীন নির্ধারিত ক্ষতিপূরণ হুকুমদখলকৃত সম্পত্তির দখল মুক্তির তারিখ হইতে পনের দিনের মধ্যে উহার মালিককে প্রদান করিতে হইবে।

(২) যদি উক্ত সম্পত্তির মালিক প্রাপ্তি স্বীকার পত্রে স্বাক্ষর বা টিপসহি দিয়া ক্ষতিপূরণ গ্রহণ করিতে অস্বীকার করেন, বা তাঁহাকে ক্ষতিপূরণ প্রদানের জন্য পাওয়া না যায়, তাহা হইলে ক্ষতিপূরণের অর্থ ডেপুটি কমিশনার কর্তৃক নির্ধারিত খাতে সরকারী ট্রেজারীতে জমা রাখা হইবে।

(৫) **ক্ষতিগ্রস্ত হুকুমদখলকৃত সম্পত্তি বাবদ ক্ষতিপূরণ।**—হুকুমদখলকৃত সম্পত্তি যদি, সচরাচর ব্যবহারজনিত কারণ ছাড়া অন্য কোন কারণে, ক্ষতিগ্রস্ত হয়, তাহা হইলে উক্ত সম্পত্তি হুকুমদখল করিবার অব্যবহিত পূর্বে যে অবস্থায় ছিল সে অবস্থায় যথাসম্ভব ফিরাইয়া আনিবার জন্য কমিটির বিবেচনায় যে পরিমাণ অর্থের প্রয়োজন হইবে সেই পরিমাণ অর্থ, ধারা ৩ এর অধীন নির্ধারিত ক্ষতিপূরণের অতিরিক্ত ক্ষতিপূরণ হিসাবে সম্পত্তির মালিককে প্রদান করিতে হইবে।

(৬) **আপীল।**—কমিটি কর্তৃক বিধি ৩ বা ৫ এর অধীন নির্ধারিত ক্ষতিপূরণ হুকুমদখলকৃত সম্পত্তির মালিকের নিকট গ্রহণযোগ্য না হইলে, তিনি উক্ত ক্ষতিপূরণের বিষয় তাঁহাকে অবহিত করার তারিখ হইতে এক মাসের মধ্যে, বিভাগীয় কমিশনারের নিকট আপীল দায়ের করিতে পারিবেন এবং এ ব্যাপারে বিভাগীয় কমিশনারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মুজিবুল হক**
মন্ত্রিপরিষদ সচিব।

**মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।**
খোন্দকার মাহফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।